

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
সরেজমিন বিভাগ  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ২৩০৩


তারিখ: ৫ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিত জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির আওতায় সুফলভোগীদের চাহিদানুযায়ী আইজিএভিভিক কর্মকান্ডে বিনিয়োগের জন্য ক্ষুদ্র ঋণ ৩০,০০০ টাকা হতে ১,০০,০০০ টাকা এবং উদ্যোক্তা ঋণ ১,২৫,০০০ টাকা হতে ৫,০০,০০০ টাকা প্রদানের সংস্থান রয়েছে। ঋণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্মসূচির আওতায় প্রতি উপজেলায় ০৩ জন মাঠ সংগঠক, ০১ জন হিসাব সহকারী এবং ০১ জন সহকারী পল্লী উন্নয়ন অফিসারসহ মোট ০৫ জন জনবল পদায়ন করা হয়েছে। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা পদাধিকার বলে অত্র প্রকল্পের আয়ন ব্যয়নসহ সকল কার্যক্রম বাস্তবায়নের মূল কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। তাই উপজেলার সার্বিক কার্যক্রম বাস্তবায়নের সকল দায়ভার তাঁর উপর বর্তায়।

২। প্রকল্পের অনলাইন সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায়, তাঁর উপজেলায় ১৫ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত মোট মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ৯৬.৫১ লক্ষ টাকা। বিতরণকৃত ঋণ যেন খেলাপী ঋণে পরিণত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দপ্তর থেকে একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় বিভিন্ন সময়ে অনুষ্ঠিত অগ্রগতি পর্যালোচনা সভা ও আঞ্চলিক সভায় বিতরণকৃত ঋণ শতভাগ আদায় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। বারংবার নির্দেশনার পরও তাঁর উপজেলায় খেলাপী ঋণ ক্রমাগতভাবে বৃদ্ধি অব্যাহত রয়েছে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ বৃদ্ধির বিষয়টি টেলিফোনে অবহিতকরণসহ খেলাপী ঋণ হ্রাসের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রকল্প দপ্তর থেকে জুম এ্যাপের মাধ্যমে ভারুয়াল সভায় তাগিদ প্রদান করা হয়েছে। তদুপরি খেলাপী ঋণ হ্রাসের বিষয়ে তাঁর কোনরূপ কার্যকর পদক্ষেপ পরিলক্ষিত হয়নি। এতে প্রতিয়মান হয় যে, তিনি তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক নন। এছাড়া তিনি তাঁর দপ্তরের কর্মরত জনবলের নিকট হতে কাঙ্ক্ষিত মাত্রায় কাজ আদায় করতে ব্যর্থতার পরিচয় দিয়েছেন।

এমতাবস্থায়, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ব্যর্থতার জন্য কেন তাঁর বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফিলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার সন্তোষজনক জবাব আগামী ১০/১২/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।

  
নাদিরা হায়দার  
যুগ্মসচিব  
পরিচালক (সরেজমিন)  
ফোন: ০২-৪১০১০৩২২  
ই-মেইল: drfs@brdb.gov.bd

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
উপজেলা: মনিরামপুর, জেলা: যশোর।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. প্রকল্প পরিচালক (ইরেসপো) বিআরডিবি।
২. উপপরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, যশোর।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।